Total No. of Printed Pages—8

**HS/XII/A/b/22**

**2022**

**BENGALI ( ELECTIVE )**

*Full Marks* : 100

*Time* : 3 hours

*The figures in the margin indicate full marks for the questions*

*General Instructions* :

(i) Write all the answers in the Answer Script.

(ii) Attempt Part—A (Objective Questions) serially.

(iii) Attempt all parts of a question together at one place.

( PART : A—OBJECTIVE )

( *Marks* : 50 )

SECTION—I

( *Marks* : 25 )

১। বন্ধনী থেকে সঠিক শব্দ বেছে নিয়ে শূন্যস্থান পূর্ণ কর (যে কোনো **পাঁচটি**): ১×৫=৫

(ক) ''হে _____, ভাণ্ডারে তব বিবিধ রতন;''

( ভারত / বঙ্গ / দেশ )

(খ) ''শ্রীরাম-লক্ষ্মণ আর জনকের _____ ।''

( কন্যা / মেয়ে / বালা )

(গ) ‘‘ভগবান, তুমি যুগে যুগে _____ পাঠায়েছ বারে বারে’’
( দূত / রাজা / প্রজা )

(ঘ) ‘‘সকল অলঙ্কারের শ্রেষ্ঠ অলঙ্কার _____।’’
( সরলতা / দুরূহতা / কুটিলতা )

(ঙ) ‘‘সাহেবরা যদি _____ মারিতে যান, তাহারও ইতিহাস লিখিত হয়...’’
( পশু / পাখি / মাছ )

(চ) ‘‘যে ভালোবাসে, সেই _____ করে।’’
( অত্যাচার / অনাদর / অবহেলা )

(ছ) ‘‘দেখব শুধু মুখখানি, শুনাও যদি শুনবো _____,’’
( বাণী / কথা / সুর )

(জ) ‘‘পৃথিবীর কতকগুলি প্রথম শ্রেণীর কাব্য, কেবল _____ মাত্র।’’
( অনুকরণ / অনুসরণ / নকল )

২। সত্য/মিথ্যা নির্ণয় করে উত্তর-পত্রে লেখ (যে কোনো **দশটি**): ১×১০=১০

(ক) ‘পূর্বরাগ’ কবিতাটি চণ্ডীদাসের লেখা।

(খ) ‘দশাননের বিলাপ’ অংশটির কবি মধুসূদন দত্ত।

(গ) ‘প্রশ্ন’ কবিতাটি রবীন্দ্রনাথ ঠাকুরের লেখা।

(ঘ) ‘বাঙ্গালার নব্য লেখকদিগের প্রতি নিবেদন’—শরৎচন্দ্রের লেখা।

(ঙ) ‘অনুকরণ’ প্রবন্ধে অনুকরণের গুণগান গাওয়া হয়েছে।

(চ) ‘কালকেতু-ফুল্লরা’ কাহিনী ‘ধর্মমঙ্গল’ কাব্যের অন্তর্গত।

(ছ) ‘পাদুকা গ্রহণ’ কবিতায় ‘মহাভারত’-এর একটি কাহিনী বর্ণিত হয়েছে।

(জ) ‘প্রায়শ্চিত্ত’ নাটকটি চণ্ডীদাসের লেখা।

(ঝ) ‘প্রায়শ্চিত্ত’ নাটকে যশোহরের রাজার নাম প্রতাপাদিত্য।

(ঞ) ‘চর্যাপদ’ প্রাচীন বাংলা সাহিত্যের নিদর্শন।

(ট) ‘রায়গুণাকর’ উপাধি পান ভারতচন্দ্র।

(ঠ) মুকুন্দরাম ‘চণ্ডীমঙ্গল’-এর কবি।

(ড) বিভা রাজা প্রতাপাদিত্যের কন্যা।

৩। বন্ধনী থেকে সঠিক শব্দ বেছে নিয়ে উত্তর দাও (যে কোনো **দশটি**): ১×১০=১০

(ক) 'বাঙ্গালার নব্য লেখকদিগের প্রতি নিবেদন' প্রবন্ধে প্রবন্ধকার ক'টি নিয়ম পালন করতে বলেছেন?

( ১১টি / ১২টি / ২২টি )

(খ) ''আবার আসিব আমি বাংলার নদী মাঠ ক্ষেত ভালোবেসে'' কোন্ কবিতার পংক্তি?

( 'পূর্বরাগ' / 'আবার আসিব ফিরে' / 'কপোতাক্ষ নদ' )

(গ) ''যে মোরে আপন ভাবে তার ঘরে যাই॥'' কার উক্তি?

( ঈশ্বরী পাটনী / দেবী অন্নদা / ভারতচন্দ্র )

(ঘ) 'বিবিধ প্রবন্ধ' কার লেখা?

( রবীন্দ্রনাথ / বঙ্কিমচন্দ্র / শরৎচন্দ্র )

(ঙ) 'পাদুকা গ্রহণ' কবিতায় কার পাদুকার কথা বলা হয়েছে?

( রামচন্দ্র / ভরত / লক্ষ্মণ )

(চ) ''তুমি কি তাদের ক্ষমা করিয়াছ, তুমি কি বেসেছ ভালো?''
এখানে 'তুমি' বলতে কাকে বোঝানো হয়েছে?

( ভগবান / কবি / রবীন্দ্রনাথ )

(ছ) কৃষ্ণদাস কবিরাজ বিরচিত চৈতন্যজীবনী-গ্রন্থের নাম কী?

( 'চৈতন্যচরিতামৃত' / 'চৈতন্যভাগবত' / 'চৈতন্যবিজয়' )

(জ) 'প্রায়শ্চিত্ত' নাটকে 'রায়গড়'-এর রাজার নাম কী?

( বসন্তরায় / রাজারায় / চাঁদরায় )

(ঝ) 'শ্রীকৃষ্ণবিজয়' কার রচিত?

( মালাধর বসু / কৃত্তিবাস ওঝা / কাশীরাম দাস )

(ঞ) 'বৈষ্ণব পদাবলী'-র একজন পদকর্তা হলেন _____।

( চণ্ডীদাস / রামপ্রসাদ / রামাই পণ্ডিত )

(ট) 'দশাননের বিলাপ' অংশটি কোন্ মূল গ্রন্থ থেকে নেওয়া হয়েছে?

( 'মেঘনাদবধ কাব্য' / 'প্রায়শ্চিত্ত' / 'মহাভারত' )

(ঠ) সুরমার সঙ্গে প্রতাপাদিত্যের সম্পর্ক কী?

( পুত্রবধূ / কন্যা / ভ্রাতৃবধূ )

## SECTION—II

( *Marks* : 25 )

৪। যে কোনো **পাঁচটি** প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর দাও : ৫×৫=২৫

(ক) 'পূর্বরাগ' কবিতায় শ্রীরাধার পূর্বরাগের লক্ষণগুলি তুলে ধরো।

(খ) 'পাদুকা গ্রহণ' কবিতায় কে, কার পাদুকা গ্রহণ করতে এসেছিলেন? কেন তিনি শুধু পাদুকা নিয়ে ফিরে গেলেন?

(গ) 'অন্নদার আত্মপরিচয়' শীর্ষক কবিতায় কবি যে দ্ব্যর্থবোধক ভাষায় দেবী অন্নদার পরিচয় দিয়েছেন তার স্বরূপ সংক্ষেপে লেখ।

(ঘ) বাঙ্গালার ইতিহাস সর্বপ্রথম কে রচনা করেন? তাঁর রচিত গ্রন্থকে 'মুষ্টিভিক্ষা' বলা হয়েছে কেন?

(ঙ) যে কোনো দু'জন চৈতন্যজীবনী কাব্যগ্রন্থ রচয়িতার নাম লেখ। তাঁদের কাব্যের নাম উল্লেখ কর।

(চ) 'প্রায়শ্চিত্ত' নাটকটি রবীন্দ্রনাথের কোন্ উপন্যাসের নাট্যরূপ? এটি কোন্ ধরনের নাটক? এই নাটকের দুটি পুরুষ-চরিত্র ও দুটি নারী-চরিত্রের নাম লেখ। ১+১+৩=৫

(ছ) 'ভালোবাসার অত্যাচার' কোন্ প্রবন্ধের অন্তর্গত? ভালোবাসা কীভাবে অত্যাচারে পরিণত হয় তা একটি উদাহরণ দিয়ে বোঝাও।

## ( PART : B—DESCRIPTIVE )

( *Marks* : 50 )

৫। যে কোনো **একটি** অংশের সপ্রসঙ্গ ব্যাখ্যা কর : ৮

(ক) ''অতি বড় বৃদ্ধ পতি সিদ্ধিতে নিপুণ।
কোন গুণ নাই তাঁর কপালে আগুন॥''

(খ) ''যাহারা তোমার বিষাইছে বায়ু, নিভাইছে তব আলো,
তুমি কি তাদের ক্ষমা করিয়াছ, তুমি কি বেসেছো ভালো?''

(গ) ''চণ্ডীদাস কয় নব পরিচয়
কালিয়া বন্ধুর সনে॥''

৬। যে কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও : ১০

(ক) অনুকরণ ভালো কি মন্দ—সেই বিষয়ে বঙ্কিমচন্দ্রের বক্তব্য 'অনুকরণ' প্রবন্ধ অবলম্বনে উল্লেখ কর।

(খ) 'সকল অলঙ্কারের শ্রেষ্ঠ অলঙ্কার' কী? 'বাঙ্গালার নব্য লেখকদিগের প্রতি নিবেদন' প্রবন্ধ অবলম্বন করে বিষয়টি বিশ্লেষণ কর।

(গ) 'বাঙ্গালার ইতিহাস' প্রবন্ধে প্রবন্ধকারের আক্ষেপের কারণগুলি ব্যাখ্যা কর।

৭। যে কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও : ১০

(ক) ''এ ত মেয়ে মেয়ে নয়, দেবতা নিশ্চয়॥'' কার উক্তি? কোন্ ঘটনা দেখে তার এইরকম মনে হয়েছে? কবিতায় বর্ণিত পরবর্তী ঘটনাবলী বর্ণনা কর। ১+৪+৫=১০

(খ) ‘শ্রীক্ষেত্র’ কবিতাটির রচয়িতা কে? ‘শ্রীক্ষেত্র’ শব্দটির অর্থ কী? এই কবিতা অবলম্বনে শ্রীক্ষেত্রের একটি বর্ণনা প্রস্তুত কর। ১+২+৭=১০

(গ) ‘‘অযোধ্যা-ভূষণ তুমি, অযোধ্যার সার।’’ কার উদ্দেশ্যে, কে এই উক্তি করেছে? এই পাঠ্যাংশটি কার লেখা, কোন্ গ্রন্থ থেকে নেওয়া হয়েছে? ‘তিনি’ বিনা অযোধ্যার সকলই অন্ধকার কেন, বিস্তারিত লেখ। ২+২+৬=১০

৮। যে কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও : ১০

(ক) ‘প্রায়শ্চিত্ত’ নাটকের নামকরণের সার্থকতা বিচার কর।

(খ) ‘ধনঞ্জয় বৈরাগী’ চরিত্রটি ‘প্রায়শ্চিত্ত’ নাটকে একটি বিশেষ ভূমিকা পালন করেছে। এই চরিত্রটি সম্পর্কে যা জান লেখ। ৫+৫=১০

(গ) ‘প্রায়শ্চিত্ত’ নাটকে রাজা প্রতাপাদিত্য চরিত্রের বিভিন্ন দিক আলোচনা কর।

৯। যে কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও : ১২

(ক) বাংলা সাহিত্যের ইতিহাসে ‘রামায়ণ’-এর সর্বশ্রেষ্ঠ অনুবাদক কে? এই অনুদিত কাব্যটির বিভিন্ন বৈশিষ্ট্য আলোচনা কর।

(খ) যে কোনো একজন বৈষ্ণব পদাবলীকারের সাহিত্যকৃতি নিয়ে বিশদে আলোচনা কর।

(গ) ‘চৈতন্যভাগবত’ কার রচনা? এই গ্রন্থ এবং গ্রন্থকার সম্পর্কে সংক্ষিপ্ত পরিচয় দাও।

(ঘ) নীচের যে কোনো **দুটি** বিষয় অবলম্বন করে টীকা লেখ : ৬×২=১২

চণ্ডীদাস, বিদ্যাপতি, বৃন্দাবনদাস, ‘শ্রীকৃষ্ণকীর্তন’, ‘অন্নদামঙ্গল’ কাব্য, ‘ধর্মমঙ্গল’ কাব্য।

★★★